"শিল্পে প্রাকৃতিক গ্যাস, গৃহস্থালিতে বিকল্প জ্বালানী"

"বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

BAPEX

**বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)**

বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

www.bapex.com.bd

স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪২৭
১৬ মে ২০২০

# বাপেক্স-এর বিভিন্ন বোর্ড সভায় উপস্থাপিত কার্যপত্রের উপর <u>পরিচালনা পর্ষদ কর্তৃক গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে সভার কার্যবিবরণী:</u>

সভার স্থান: বাপেক্স বোর্ড রুম
তারিখ: ১৬-০৫-২০২০
সময়: দুপুর ১২.০০টা
সভার সভাপতি: ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স।

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন, গত ১৪-০৫-২০২০ তারিখে ব্যবস্থাপনা পরিচালক পদে যোগদান করেছেন। সভাপতি মহোদয় বলেন, তিনি বাপেক্স-এরই কর্মকর্তা এবং সকলেই তাঁর সুপরিচিত। তিনি ১৯৮৪ সাল থেকে একসঙ্গে কাজ করে আসছেন। তাই বাপেক্স-এর অগ্রগতির লক্ষ্যে  সকলেই উদার ও আন্তরিক সহযোগিতা প্রদান করবেন বলে তিনি প্রত্যাশা করেন।

তিনি সভায় জানান যে, বর্তমানে সরকার বাপেক্স-এর নিকট আরো অনেক বেশি কিছু আশা করে। গ্যাস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকারের বিশেষ নির্দেশনা রয়েছে। আর সেই নির্দেশনা বাস্তবায়নের জন্য তাঁকে দায়িত্ব দেয়া হয়েছে। তিনি বলেন, "সে দায়িত্ব পালনের জন্য আমি দ্রুততার সাথে কাজ করতে চাই; আজকের কাজ আজকেই সম্পন্ন করা আমার জীবনের অন্যতম বৈশিষ্ট্য। কোন প্রকার বিলম্ব আমি প্রত্যাশা করি না। প্রত্যেকেই যাতে সময়াবদ্ধ পরিকল্পনা অনুযায়ী স্ব স্ব কাজ সম্পন্ন করেন সেজন্য আমার বিশেষ অনুরোধ থাকবে।"

প্রসঙ্গত তিনি অবহিত করেন যে, বাপেক্স-এর সার্বিক কর্মকাণ্ড মনিটরিং-এর লক্ষ্যে মন্ত্রণালয়ের পক্ষে জনাব মোঃ মোস্তফা কামাল, অতিরিক্ত সচিব এবং পেট্রোবাংলার পক্ষ থেকে জনাব মোঃ আইয়ুব খান চৌধুরী, পরিচালক (পরিকল্পনা) মহোদয়কে মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক দায়িত্ব প্রদান করা হয়েছে। সে

প্রেক্ষিতে, তাঁরা প্রথমেই বিগত ১০টি বোর্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে মনিটরিং করবেন এবং অদ্য বিকাল ৩.০০টায় এতদ্বিষয়ে ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হবে।

**<u>সভার বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ:</u>**

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| 1। | সাংগঠনিক কাঠামো প্রণয়ন সম্পন্ন | এতদ্বিষয়ে সভাপতি মহোদয় বলেন, দীর্ঘদিন যাবৎ সাংগঠনিক কাঠামো প্রণয়ন চূড়ান্ত করার বিষয়টি অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। উর্ধ্বতন কর্তৃপক্ষের এ বিষয়ে মতামত হল-যে পর্যায়ে এসে সাংগঠনিক কাঠামো প্রণয়নের কাজ আটকে আছে পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে জরুরী ভিত্তিতে তা সম্পন্ন করতে হবে। | জরুরী ভিত্তিতে সাংগঠনিক কাঠামো প্রণয়নের যাবতীয় কাজ সমাপ্ত করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও IIFC |
| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| 2। | ভূতাত্ত্বিক ও ভূপদার্থিক কাজের জন্য কনসালটেন্ট নিয়োগ চূড়ান্তকরণ | এতদ্বিষয়ে উপমহাব্যবস্থাপক (ভূপদার্থিক) জনাব মোহাম্মদ মঈনুল হোসেন সভাকে অবহিত করেন, মূল্যায়ন কার্যক্রম শেষে পরিচালনা পর্ষদের অনুমোদন পাওয়া গিয়েছে। চুক্তিপত্র প্রস্তুতের অপেক্ষায় আছে। | নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে চুক্তিপত্র প্রস্তুতের জন্য কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:<br>(১) জনাব মোঃ মঞ্জুর কবীর, মহাব্যবস্থাপক (পরিকল্পনা)-আহবায়ক<br>(২) জনাব মোহাম্মদ মঈনুল হোসেন, উপমহাব্যবস্থাপক (ভূপদার্থিক)-সদস্য<br>(৩) জনাব সেকান্দার আবু মোহাম্মদ মেরাজুল আলম, উপমহাব্যবস্থাপক (ভূতাত্ত্বিক)-সদস্য<br>(৪) জনাব মোঃ খায়রুজ্জামান, উপমহাব্যবস্থাপক (বোর্ড)-সদস্য সচিব<br>(৫) জনাব মোঃ হুমায়ুন | মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং প্রস্তাবিত কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | কবির খান, উপমহাব্যবস্থাপক (অর্থ)-সদস্য সচিব | |
| 3। | পতেঙ্গাস্থ বাপেক্স-এর গোডাউন হস্তান্তর প্রসঙ্গে | এতদ্বিষয়ে ইতোপূর্বে গঠিত কমিটির সদস্য সচিব উপমহাব্যবস্থাপক (সেবা) সভাকে অবহিত করেন, পূর্বের পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট কমিটি জিওলজিক্যাল সার্ভে অফ বাংলাদেশ (জিএসবি)-এর মালিকানাধীন চট্টগ্রামস্থ স্থানটি পরিদর্শন করে এবং জিএসবি'র পরিচালক মহোদয়ের সাথে এতদ্বিষয়ে আলাপ আলোচনা করে; কিন্তু গোডাউন স্থাপনের জন্য উক্ত জমিটি বাপেক্স-কে লিজ প্রদানের ক্ষেত্রে জিএসবি কর্তৃক অনীহা প্রকাশ করা হয়। মহাব্যবস্থাপক (নির্মাণ) সভাকে আরো অবহিত করেন, বাপেক্স-কে উক্ত জায়গাটি বরাদ্দ করার সম্ভব নয় জানিয়ে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ হতে মালামাল স্থানান্তরের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। সভায় উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ জানান, ইষ্টার্ণ রিফাইনারীর দাবীকৃত ২০০ একর ভূমির মধ্যে মাত্র ১.৬ একর জমি বাপেক্স-এর দখলে রয়েছে এবং জমিটির ভূমি কর বাপেক্স হতে পরিশোধ করা হচ্ছে। জমির মালিকানার বিষয়টি সুস্পষ্ট নয়। | বিস্তারিত তথ্য সংগ্রহপূর্বক জরুরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| 4। | পরিশোধিত মূলধন | পরিচালনা পর্ষদের ৪১৫-তম সভার সিদ্ধান্ত অনুযায়ী | আগামী ২০-০৫-২০২০ তারিখের মধ্যে | কোম্পানী সচিব শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| | বর্ধিতকরণ | পরিশোধিত মূলধনের পরিমাণ বর্ধিত করার বিষয়ে মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জানান, কোম্পানী সচিবালয় কর্তৃক জয়েন্ট স্টক রেজিস্টারের নিকট হতে প্রয়োজনীয় অনুমোদন পাওয়া গিয়েছে। শেয়ার বরাদ্দের বিষয়ে চেয়ারম্যান, পেট্রোবাংলা মহোদয় বরাবর পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | চেয়ারম্যান, পেট্রোবাংলা মহোদয় বরাবর পত্র প্রেরণ করতে হবে। | |
| 5। | শাহবাজপুর-৩ ওয়ার্ক ওভার | এতদ্বিষয়ে পরিচালক (অপারেশন) জানান, যথাশীঘ্র সম্ভব well kill করার ব্যবস্থা গ্রহণ করা হবে। এ বিষয়ে মহাব্যবস্থাপক (উৎপাদন) বলেন, well kill করার সাথে সাথে যাতে ওয়ার্ক ওভার শুরু করা যায় সে বিষয়ে প্রস্তুতি প্রয়োজন। well kill করার সাথে সাথেই ওয়ার্ক ওভার শুরু করা হবে বলে পরিচালক (অপারেশন) অবহিত করেন। এ বিষয়ে প্রকল্প পরিচালক আগামী ১৫-০৬-২০২০ তারিখের মধ্যে ওয়ার্ক ওভার শুরু করা সম্ভব বলে জানান | আগামী ১০-০৬-২০২০ তারিখের মধ্যে ওয়ার্ক ওভার কাজ শুরু করতে হবে | পরিচালক (অপারেশন) ও প্রকল্প পরিচালক |
| 6। | শাহবাজপুর # ৩ ওয়ার্ক ওভারের জন্য Logging Service Hiring দরপত্র | এ বিষয়ে অগ্রগতি সম্পর্কে সভাপতি মহোদয় জানতে চাইলে সংশ্লিষ্ট কারিগরি কমিটির আহবায়ক ও মহাব্যবস্থাপক (ভূতত্ব) জানান, কারিগরি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন প্রক্রিয়াধীন আছে। তিনি বলেন, দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠান যেসব Exception দিয়েছে সেগুলো গ্রহণ করা সম্ভব নয় বলে দরপত্রদাতাদের অবহিত করে পত্র | Exception গ্রহণ করা সম্ভব না হওয়ায় দরপত্র সিডিউলে উল্লিখিত চাহিদা অনুযায়ী সেবা প্রদানে সম্মত না হলে Non Responsive গণ্য করে আগামী ২০-০৫-২০২০ তারিখের মধ্যে কারিগরি মূল্যায়ন প্রতিবেদন দাখিল করবে। | সংশ্লিষ্ট কারিগরি কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রেরণ করা হয়। দরপত্র দাতাগণ বিলম্বে পত্রের জবাব প্রেরণ করে এবং উক্ত Exception প্রত্যাহার করেনি। তাই অদ্য ১৬-০৫-২০২০ তারিখে তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। | | |
| 7। | শাহবাজপুর # ৩ ওয়ার্ক ওভার কাজের জন্য Drilling Consultant নিয়োগ | শাহবাজপুর # ৩ ওয়ার্ক ওভার কুপটি ঝুঁকিপূর্ণ হওয়ায় ১ জন Drilling Consultant নিয়োজিত করার জন্য মহাব্যবস্থাপক (খনন) প্রস্তাব উত্থাপন করেন। | Drilling Consultant নিয়োগের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (খনন/ প্রশাসন) |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| 8। | বাপেক্স-এর কর্মকর্তা নিয়োগ কার্যক্রম | এতদ্বিষয়ে সভাপতি অত্যন্ত দ্রুততার সাথে সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) পদে প্রাপ্ত পুরোনো আবেদনপত্রসমূহ যাচাই বাছাই কার্যক্রম সম্পন্নের জন্য তাগিদ প্রদান করেন। | আগামী ২০-০৫-২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কমিটি যাচাই বাছাই কার্যক্রম সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করবে। | সংশ্লিষ্ট কমিটি |
| 9। | শ্রীকাইল ইস্ট # ১ গ্যাসক্ষেত্রের নামকরণ | স্থানীয় মাননীয় সংসদ সদস্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ইতোমধ্যে অবহিত করেছেন, শ্রীকাইল ইস্ট # ১ গ্যাসক্ষেত্রটি মূলত নবীনগর উপজেলা সীমানায় অবস্থিত। তাই উক্ত গ্যাসক্ষেত্রের নাম ‘নবীনগর গ্যাসক্ষেত্র’ করাটাই যুক্তিযুক্ত হবে। | শ্রীকাইল ইস্ট # ১ গ্যাসক্ষেত্রের নাম ‘নবীনগর গ্যাসক্ষেত্র’ করার বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (উৎপাদন/ খনন/প্রশাসন) |
| 10। | Mitsui Oil Exploration Co.,Ltd (MOECO)-এর সাথে MOU স্বাক্ষর | এ বিষয়ে অগ্রগতি জানতে চাইলে সংশ্লিষ্ট উপমহাব্যবস্থাপক জনাব মোহাম্মদ মঈনুল হোসেন অবহিত করেন, এ বিষয়ে প্রস্তুতকৃত MOUএর খসড়া পেট্রোবাংলার মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | মন্ত্রণালয় ও পেট্রোবাংলার সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণ | উপমহাব্যবস্থাপক জনাব মোহাম্মদ মঈনুল হোসেন |

| | | | | |
|---|---|---|---|---|
| 11। | চুক্তিভিত্তিক Drilling Personnel নিয়োগ | এ বিষয়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) ও পরিচালক (অপারেশন) জানান, ৯ জন চুক্তিভিত্তিক Drilling Personnelএর মৌখিক পরীক্ষা সমাপ্ত হয়েছে এবং নিয়োগের বিষয়টি প্রায় চূড়ান্ত পর্যায়ে আছে। | পবিত্র ইদ-উল-ফিতরের পূর্বেই চূড়ান্ত নির্বাচন সম্পন্ন করতে হবে যাতে তাঁদের শাহবাজপুর ওয়ার্কওভার কাজে সংযুক্ত করা যায়। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও পরিচালক (অপারেশন) |
| 12। | শ্রীকাইল ইস্ট # ১ কুপের গ্যাদারিং লাইন স্থাপন | সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনতিবিলম্বে শ্রীকাইল ইস্ট # ১ কুপের গ্যাদারিং লাইন স্থাপনের জন্য প্রয়োজনীয় সার্ভে সম্পন্নের জন্য সভাপতি বিশেষভাবে গুরুত্বারোপ করেন। সে প্রেক্ষিতে জরুরী ভিত্তিতে সংশ্লিষ্ট কমিটিকে উক্ত এলাকায় গমনের প্রয়োজনীয়তা উপলব্ধি করেন। একইসাথে উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) জনাব মোঃ আশরাফুল আলমকে উক্ত কমিটির সাথে শ্রীকাইল # ৪ কুপের ওয়ার্ক ওভারের Guyline, Rig Foundation Trench, Celler Reducing কার্যক্রমের সার্ভের জন্য প্রেরণ করা বিষয়ে আলোচনা হয়। | আগামী ১৭-০৫-২০২০ তারিখে মহাব্যবস্থাপক (নির্মাণ)-এর নেতৃত্বে সংশ্লিষ্ট কমিটি শ্রীকাইল গমন করবে। জনাব মোঃ আশরাফুল আলম কমিটির সঙ্গে গমন করবেন। | সংশ্লিষ্ট কমিটি ও জনাব মোঃ আশরাফুল আলম, উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| 13। | ৩টি কুপের ওয়ার্ক ওভার কার্যক্রম গ্রহণ | শ্রীকাইল # ৪, ফেঞ্চুগঞ্জ # ৩ ও ৪-এ ৩টি কুপের ওয়ার্ক ওভার সম্পন্নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ৩০.০০ (ত্রিশ) কোটি টাকার মধ্যে বাপেক্স-এর নিজস্ব অর্থায়নে উক্ত ৩টি কুপ খননের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে যাবতীয় ব্যয়ের | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও প্রস্তাবিত কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | প্রাক্কলন প্রস্তুতের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়: (১) পরিচালক (অপারেশন)-আহবায়ক (২) মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)-সদস্য (৩) মহাব্যবস্থাপক (খনন)-সদস্য (৪) মহাব্যবস্থাপক (উৎপাদন)-সদস্য (৫) মহাব্যবস্থাপক (নির্মাণ)-সদস্য সচিব | |
| 14। | রিগের স্পেয়ার পার্টস ক্রয় | খনন কার্যক্রম নির্বিঘ্ন করার লক্ষ্যে রিগের যাবতীয় স্পেয়ার পার্টস ক্রয় কার্যক্রম খনন কাজ শুরু হবার আগেই সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | জরুরী ভিত্তিতে রিগের প্রয়োজনীয় স্পেয়ার পার্টস ক্রয় নিশ্চিত করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| 15। | গ্যাস উৎপাদন অব্যাহত রাখা | এতদ্বিষয়ে মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান, গ্যাস উৎপাদন যথারীতি অব্যাহত রয়েছে। সভাপতি মহোদয় গ্যাসক্ষেত্রের কর্মচারীদের দুর্ভোগ এড়ানোর লক্ষ্যে বেতন ভাতাদি পরিশোধ নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করেন। | গ্যাস উৎপাদন অব্যাহত রাখতে হবে এবং কর্মচারীদের বেতন ভাতাদি পরিশোধের বিষয়টি নিশ্চিত করতে হবে। | মহাব্যবস্থাপক (উৎপাদন) |
| 16। | এলসি বিষয়ক | সভাপতি মহোদয় ঋণপত্র স্থাপনের বিষয়ে বিষয়ে জানতে চাইলে মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জানান, ১টি মাত্র ঋণপত্র স্থাপন কার্যক্রম বাকী আছে, যা বাংলাদেশ ব্যাংকের অনুমতির অপেক্ষায় আছে। | বাংলাদেশ ব্যাংকের সাথে যোগাযোগ করে জরুরীভিত্তিতে ঋণপত্র স্থাপন নিশ্চিত করতে হবে। | মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ আলী)
ব্যবস্থাপনা
পরিচালক

বিতরণ (অবগতি ও কার্যার্থে):

১) মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক................................................................,
বাপেক্স।

২) অফিস কপি।